উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

## এপ্রিল/২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৯ এপ্রিল, ২০২২ খ্রিঃ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং অন্যান্য সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মার্চ/২২ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৪র্থ কিস্তির বরাদ্দ বাবদ ২৩.৭৮ লক্ষ টাকা পাওয়া গেছে। এডিপির (২০টি প্যাকেজে) সকল কাজের দরপত্রের কাজ সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।<br>(খ) এছাড়া রশিদপুর ইউপির ইলাহির বাজার রাস্তার ইনভেন্টরী অনুযায়ী দৈঘ্য ছিল ৫.০০ কি.মি। কিন্তু বাস্তবে রাস্তাটির দৈঘ্য ৫.৫৫ কি.মি হওয়ায় রাস্তাটির ইনভেন্টরীতে দৈঘ্য সংশোধনের জন্য সুপারিশ করেন। | (ক) কাজের গুণগত মান ঠিক রেখে সরকারি নির্দেশনা মোতাবেক নিদিষ্ট সময়ের মধ্যে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) রশিদপুর ইউনিয়নের ইলাহির বাজার রাস্তার ইনভেন্টরী সংশোধনী মোতাবেক রাস্তার দৈঘ্য ৫.৫৫ কি.মি হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সদস্য, সংশ্লিষ্ট কমিটি।<br><br>১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১৮ এপ্রিল, ২০২২ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভাইরাসের মোট নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ২০,২৯১ টি। তন্মেধ্যে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ৩,১৩২ জন। ছাড় প্রাপ্ত রোগীর সংখ্যা ৩,১১০ জন। বর্তমানে হোম আইসোলেশনে আছে ২২ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৮ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত ০০ জন। এবং গত ২৪ ঘন্টায় সুস্থ ০০ জন। এছাড়া ১৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৭০,৯৪%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৬৯.৩৩% এবং ৩য় ডোজ গ্রহণকারীর হার ৮.৫০%। | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে ২০২১-২২ অর্থ বছরে প্রায় ৩৪,০০০ হেঃ জমিতে রোপনকৃত বোরো ধান মাঠে দন্ডায়মান এবং অত্যন্ত ভালো অবস্থায় আছে। বৈশাখী ঝড়, শিলাবৃষ্টি, বন্যাসহ অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ না হলে তাহলে আশানুরুপ সর্বোচ্চ ফলন পাওয়া যাবে। ২০২১-২২ অর্থ বছরে খরিফ-১ মৌসুমের জন্য বিনামূল্যে উপজেলার ৫টি ইউনিয়ন | বোরো মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কৃষি বিভাগের সকল মাঠপর্যায়ের কর্মকর্তাদের স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন সহ কৃষকদের সাথে সর্বদা যোগাযোগ রাখতে হবে। এছাড়া সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ও পৌরসভার মাঝে ১০০০ জন কৃষকের মধ্যে প্রণোদনা কার্যক্রম মাননীয় সংসদ সদস্যর উপস্থিতিতে বিতরণ করা হয়েছে। জন প্রতি ৫কেজি আউশ ধান বীজ, ২০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়েছে। ফসলের রোগ বালাই প্রতিরোধে মাঠ পর্যায়ের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রতিনিয়ত কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছে। সর্বোপরি কৃষি বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে এবং সারের কোন সংকট নেই। | প্রণোদনা কৃষকদের মাঝে পৌছে দেওয়া সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৪। মৎস্য বিভাগ:<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, অত্র দপ্তরের যাবতীয় কার্যাবলী সরকারি নীতিমালার আলোকে সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৮/০৪/২০২২খ্রি: পর্যন্ত মোট সক্ষম দম্পতি- ১,৩৬,৪১৯ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০৩ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৩২। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৮৭ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) -৩০০ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)-২৪ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-৩৮ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর)- ৮১.৫৫% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টি.আর এর দ্বিতীয় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন ওয়ারী বিভাজনের কাজ চলমান রয়েছে। এছাড়া ৪০ দিনের কর্মসূচীর কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। | (ক) ২০২১-২২ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ দ্বারা সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, কোভিড-১৯ পরবর্তী সময়ে শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য রমজান মাসেও পাঠ দান কার্যক্রম চলছে। এপ্রিল মাসের ২০ তারিখ পর্যন্ত শ্রেণী কার্যক্রম চলবে। তবে শিক্ষার্থী উপস্থিতি কম। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির লক্ষ্যে মত বিনিময় সহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথা যথভাবে চলছে। | কোভিড পরবর্তী সময়ে শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য সরকারি নিদের্শনা মোতাবেক পাঠদান কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ৯। শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, কোভিড-১৯ কমে আসায় সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে এবং কোভিড-১৯ পরবর্তী সময়ে শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য রমজান মাসেও শ্রেণী কার্যক্রম চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক পাঠদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থবছরের সকল ভাতার পে-রোল দেয়া হয়েছে। পরবর্তী পে রোলের পূর্বেই ইউনিয়ন পর্যায় থেকে মৃত, অযোগ্য (ভাতাভোগীর মধ্যে যারা স্বচ্ছল, বীর মুক্তিযোদ্ধা, পেনশনভোগী, স্বধবা, অপ্রতিবন্ধী) দের প্রতিস্থাপন পূর্বক দ্রুত সময়ে সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | আগামী এপ্রিল/২২ মধ্যে প্রতিস্থাপন পূর্বক যোগ্য লোকের তালিকা (নগদ নম্বর সহ) প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল)<br>খ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। যুব উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে ১৮/০৪/২২খ্রিঃ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,৮৯,০৪,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,১৬,৬০২ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| ১৩। সমবায় বিভাগঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২২০ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৬৬,০০,০০০ (তিন কোটি ছেষট্টি লক্ষ) টাকা। ১৮/০৪/২০২২খ্রিঃ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৮৮,০০,০০০ (এক কোটি আটাশি লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৮৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬,১৩,০০০ (আটষট্টি লক্ষ তের হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫৬,৮৫,৮০০ (ছাপ্পান্ন লক্ষ পুচাশি হাজার আট শত) টাকা। ঋণ আদায়ের হার ৮৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| ১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, জামালপুর সদর উপজেলায় অপ্রধান শস্য প্রকল্পের আওতায় ৪০ জন সদস্যকে ৩দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৬ জন সদস্যকে ৩,৯০,০০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। পিআরডিপি -৩ প্রকল্পের আওতায় ৩০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২টি স্কীম বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। আবর্তক | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |

| | | |
|---|---|---|
| (কৃষি) ঋণ কর্মসূচির আওতায় ১৭ জন সদস্যকে ৩,৩৬,০০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া ৩০/০৬/২০২১ তারিখের পূর্বে বিতরণকৃত খেলাপী সুদ মৌকুফ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। | | |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় তিন অর্থ বছরের বরাদ্দ ১১৭০টি সাবমার্সিজবল পাম্পযুক্ত গভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। এরমধ্যে ৩০টি গভীর নলকুপের বোরিং এর কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১১৪০টি সাবমার্সসিবল পাম্পযুক্ত গভীর নলকুপের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশব্লকের মধ্যে ১৬ টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে বাকী ০৪টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৬টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৫টি কাজ সমাপ্ত হয়েছে বাকী ১১টির কাজ চলমান রয়েছে এবং চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১১টি বরাদ্দ পাওয়া গেছে যার মধ্যে ৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৮টির কাজ চলমান রয়েছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ৪৩টি সাবমার্সিজবিল অগভীর নলকূপ ও ২য় পর্যায়ে ২৩টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে ১ম পর্যায়ে ৪৩টি বোরিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং ২৯টি প্লাটফরমের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে ২৩টি ৬নং অগভীর নলকূপ এর কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| ১৬। বন বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেরট (ইউডিএফ) সভায় জানান যে, ইউজিডিপির আওতায় (৫ম পর্যায়ে) ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের ০৭টি প্রকল্পের বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হয়েছে। অন্যধিকে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| ১৮। বিএডিসি (সেচ)<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |

<table>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr>
<td>২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td>২১। পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের ব্রাঞ্চ ম্যানেজার সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। মাঠ পর্যায়ে কিছু গ্রাহক খেলাপী হয়ে গেছে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং খেলাপী ঋণ পুনঃ উদ্ধারের জন্য সকল ইউপি চেয়াম্যান এবং সংশ্লিষ্ট সকলের সহযোগীতা প্রত্যাশা করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিকতার সহিত কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর<br>জামালপুর।</td>
</tr>
<tr>
<td>২১। বিবিধঃ<br><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদনঃ</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৬) বিদ্যুৎ বিল পরিশোধ<br>(৭) সি.সি ক্যামেরা স্থাপন ও মেরামত।<br>(৮) সৌর প্যানেল স্থাপন ও মেরামত।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, আসবাবপত্র ও অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ, সি.সি ক্যামেরা স্থাপন ও মেরামত, সৌর প্যানেল স্থাপন ও মেরামত।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ১০ মার্চ/২০২২ থেকে ১৮ এপ্রিল/২২ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৯,০০০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৪,২০০</td></tr>
<tr><td>পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩৭,৯৪০</td></tr>
<tr><td>পরিষদের আনুষঙ্গিক/অফিস স্টেশনারী</td><td>৪,৯৮০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>জ্বালানী তেলের বিল</td><td>১,২১,৫২১</td></tr>
<tr><td>বাসাবাড়ী ও অফিস মেরামত</td><td>২১,০৩৭</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>১,২৩,৬৬৫</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত</td><td>১,৭৫,০০০</td></tr>
<tr><td>আনসারদের জন্য ব্যারাক নির্মাণ</td><td>৭,৮২,১৬৭</td></tr>
<tr><td>মসক নিধন</td><td>১,৫০,০০০</td></tr>
<tr><td>গ্রাম পুলিশদের বেতন</td><td>১৩,৪৬,২৫০</td></tr>
<tr><td>বজ্র ব্যবস্থাপনা</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত</td><td>১৯,৩৫০</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিল</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২৯,৯৩,৪৪৩</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ১০ মার্চ /২০২২ থেকে ১৮ এপ্রিল/২২ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২৯,৪৩,৪৪৩ (উনত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত তেতাল্লিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২, জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মোজাফ্ফর হোসেন বলেন, জামালপুর সদর উপজেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন দ্রুত নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক ব্যবহার নিশ্চিকতকরণ, সামাজিক দূরত্ব বজায় রাখা সহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন। এছাড়া পানির সমস্যা নিরসনে জনস্বাস্থ্য দপ্তরের আওতায় বরাদ্দপ্রাপ্ত টিউবয়েলগুলো দ্রুত বরিং কার্যক্রম শেষ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্ক থাকার পরামর্শ দেন। তিনি সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২২- ৪২৫

তারিখ: ১৯ এপ্রিল, ২০২২ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

৮। উপজেলা..........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ......................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ...................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

১১/০৪/২২
(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd